


ব্ল্যাকবোর্ড চকের দিন শেষ

■ বাসন

ব্ল্যাক বোর্ড চকের দিন শেষ। বর্তমান সরকার শিক্ষাকে প্রযুক্তি নির্ভর করতে বাধ্যনিক, উচ্চ বাধ্যনিক ও বাস্তবায়নের মাধ্যমে ১৬ হাজার শিক্ষা প্রতিষ্ঠানে 'মান্টিমিডিয়া ক্লাস' চালু করেছে। চলতি জুলাই- আগস্টের মধ্যে ২০ হাজার ৫শ' শিক্ষা প্রতিষ্ঠানের অর্থাৎ ৪ হাজার প্রতিষ্ঠানেও মান্টিমিডিয়া ক্লাস চালু করবে। তবে সরকারি ও বেসরকারি উদ্যোগে

ইতিমধ্যে আরো প্রায় ৪ হাজার শিক্ষা প্রতিষ্ঠানে এ ধরনের একাধিক ক্লাস চালু রয়েছে। শিক্ষাকে যুগপোষ্যোগী ও আধুনিক এবং শিক্ষার্থীদের সুখণ্ড বিনোদন বাইরে নিয়ে আসতে ২০১১ সালের জানুয়ারি থেকে আইনিটি প্রকল্পের মাধ্যমে সরকার মান্টিমিডিয়া ক্লাস চালুর উদ্যোগ গ্রহণ করে। প্রকল্পটি বাধ্যনিক ও উচ্চ বাধ্যনিক শিক্ষা অধিদপ্তরের অধীনে পরিচালিত হচ্ছে।



সাড়ে ১৬ হাজার শিক্ষা প্রতিষ্ঠানে মান্টিমিডিয়া ক্লাস

এ প্রসঙ্গে প্রকল্প পরিচালক আবুল কালাম আজাদ বলেন, বর্তমান সরকার শিক্ষাকে আকর্ষণীয় ও বিনোদনমূলক এবং শিক্ষার্থীদের কাছে সহজে উপভোগ্য করার জন্য আধুনিক ও পছন্ডি চালু করেছে। তিনি বলেন, প্রকল্পের অধীনে ইতিমধ্যে সাড়ে ১৬ হাজার শিক্ষা প্রতিষ্ঠানে মান্টিমিডিয়া ক্লাস চালুর জন্য প্যারামিটার, প্রোজেক্টর, বোর্ড, মাউস এবং শিক্ষারসহ বিভিন্ন সরঞ্জামাদি পৌঁছে দেয়া হয়েছে। চলতি জুলাই মাসের মধ্যে অর্থাৎ ৪ হাজার শিক্ষা প্রতিষ্ঠানেও এসব সরঞ্জামাদি পৌঁছে দেয়া হবে। ইতোমধ্যে ১৮ হাজার ১০৫ জন শিক্ষককে মান্টিমিডিয়া ক্লাস নেয়ার

উপযোগী করে প্রশিক্ষণ প্রদান সম্পন্ন করা হয়েছে। জুলাই-আগস্টের মধ্যে ২০ হাজার ৫শ' প্রতিষ্ঠানের অর্থাৎ শিক্ষকদের প্রশিক্ষণও সম্পন্ন করা হবে। এছাড়া বর্তমানে দেশের ১৯টি প্রশিক্ষণ ইনস্টিটিউটে শিক্ষকদের প্রশিক্ষণ প্রদানের কার্যক্রম চলছে। তিনি বলেন, মান্টিমিডিয়া ক্লাস ঠিকভাবে পরিচালিত হলে কিনা, তা উদ্ভাবনের জন্য এ প্রকল্পের আওতায় আগষ্ট থেকে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে পরিদর্শন করা হবে। এতে কোন ধরনের ভুল-ত্রুটি, অসংগতি ও গাফিলতি ধরা পড়লে তা মূর করা হবে। তিনি বলেন, এ ধারাবাহিকতায় ২০১৫ সালের মধ্যে ২০ হাজার ৫শ' শিক্ষা প্রতিষ্ঠানের প্রত্যেকটিতে ৫টি করে এবং ২০২১ সালের মধ্যে প্রত্যেক প্রতিষ্ঠানের সব শ্রেণির সব ক্লাসই মান্টিমিডিয়া সিস্টেমে পরিচালনা সক্ষম হবে।

বর্তমান সরকার ২০২১ সালের মধ্যে ডিজিটাল বাংলাদেশ গঠন করার লক্ষ্যে এবং ক্লাস রুমকে টিচার সেন্টার না বানিয়ে স্টুডেন্ট সেন্টার বানানোর জন্য এ কার্যক্রম হাতে নিয়েছে। বর্তমানে ক্লাসে শিক্ষকরা বইয়ের মাধ্যমে বা ব্ল্যাক বোর্ড দিয়ে পাঠদান দিচ্ছেন। এতে শিক্ষার্থীদের কাছে অনেক বিষয়ই বোধগম্য হয়ে উঠছে না। ফলে পরীক্ষায় কৃতকার্য হওয়ার জন্য শিক্ষার্থীরা বিষয়টি না বুকেই বা বিষয়ের গভীরে না গিয়ে সুখণ্ড করছেন। তিনি বলেন, এ থেকে শিক্ষার্থীদের বৃত্তি দিতে মান্টিমিডিয়া প্রকল্পের মাধ্যমে বিষয়টির কার্যপ্রণালী, পতিবিধিসহ সবকিছু ডিজিটাল ফুটস্টেপের মাধ্যমে শিক্ষার্থীদের সামনে তুলে ধরা হচ্ছে। আর তা ঘনিষ্ঠভাবে করতেই শিক্ষকদের প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে।